# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**02 SEPTEMBER 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

১) রাজ্য সরকারের প্রদান করা প্রতিশ্রুতি অনুযায়ী ১ লক্ষ নিযুক্তি সম্পন্ন হয়েছে বলে নিযুক্তিপত্র প্রদান অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার মন্তব্য।

২) রাজ্য সরকার আগামী বছর আরো ৫০ হাজার পদে নিযুক্তি প্রদান করবে বলে মুখ্যমন্ত্রীর ঘোষণা।

৩) নতুন দিল্লিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির উপস্থিতিতে বিজেপির সদস্য ভর্তি অভিযান আরম্ভ/ রাজ্যের বিভিন্ন প্রান্তে সদস্য ভর্তি অভিযান কার্যসূচি রূপায়ন।

৪) রাজ্যজুড়ে হৃদরোগ ও রক্তজনিত রোগে আক্রান্ত শিশুর রোগ সনাক্তকরণ ও চিকিৎসা শিবিরের আয়োজন।

এবং

৫) প্যারা অলিম্পিক্সের আজ পঞ্চম দিনে বেডমিন্টনে ভারতের নিতেশ কুমারের স্বর্ণপদক জয়। প্রতিযোগিতায় এ পর্যন্ত দুটি সোনা, তিনটি রূপো এবং ৪ টি ব্রোঞ্জ সহ ভারতের নটি পদক লাভ।

---------------------------------------------------------------------------

রাজ্য সরকারের প্রদান করা প্রতিশ্রুতি অনুযায়ী এক লক্ষ নিযুক্তি অতিক্রম করেছে বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা মন্তব্য করেন । আজ খানাপারার পশু চিকিৎসা মহাবিদ্যালয়ের খেলারমাঠে ২৩ হাজার ৯৫৬ জন উচ্চ ও নিম্ন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষককে নিয়মিত পদে নিযুক্তি পত্র প্রদান করে তিনি একথা বলেন । তিনি বলেন যে আজ নিযূক্তি প্রদান করা শিক্ষকরা সহ বর্তমান রাজ্য সরকারের নিযূক্তি দেওয়া পদের সংখ্যা এক লক্ষ ২৪ হাজার ৩৪৫ হয়েছে । আগামী বছর আরো ৫০ হাজার নিযূক্তি প্রদানের  লক্ষ্য সরকার নির্ধারণ করা হয়েছে বলে মুখ্যমন্ত্রী জানান ।ড: শর্মা স্বাধীনতার পর রাজ্যে কোনোসরকার ই এক লক্ষ নিযূক্তি দিতে সক্ষম হয়নি বলে মন্তব্য করে তিনি বলেন যে বর্তমান রাজ্য সরকারের দেওয়া প্রতিশ্রুতি অনুযায়ী আজ এক লক্ষ নিযুক্তি সম্পূর্ন হলো সেজন্য আজ রাজ্যের যুবক যুবতীকে তিনি অভিনন্দন জানান ।মুখ্যমন্ত্রী ড: শর্মা বর্তমান সরকারের অধীনে কোনো ধরণের উৎকোচ না দিয়ে যোগ্যতার ভিত্তিতে যুবক যুবতীদের চাকুরী লাভ করা সম্ভব হচ্ছে বলে মন্তব্য করেন ।রাজ্যের শিক্ষা বিভাগ , পুলিশ বিভাগ ইত্যাদি বিভাগে নিযুক্তি প্রদান করা হবে বলে তিনি উল্লেখ করেন ।

আজ  নিযুক্তি লাভ শিক্ষক শিক্ষয়িত্রীরা নিযুক্তি প্রক্রিয়া সম্পর্কে যেকোনো দাবী আপত্তি দাখিলের জন্য আজ থেকে ৮ ই সেপ্টেম্বর পর্যন্ত প্রাথমিক শিক্ষা সঞ্চালকালয় পোর্টেল ডি . আসাম . গভ . ইন প্রকাশ করবে বলে ঘোষনা করেছে ।এছাড়া নথিপত্র পরীক্ষা সম্পর্কীত কারণে আবেদন স্থগিত রাখা ৮৩৪ জন প্রার্থী পোর্টেলে থাকা লিংকে দাবী আপত্তি সহ নথিপত্র দাখিল করতে পারবে ।চূড়ান্ত বাছাই তালিকায় স্থান লাভ করা শিক্ষকদের নিযুক্তিপত্র জেলা ও বিদ্যালয়ের নামের ক্ষেত্রে কোনো অমিল ধরা পড়লে সেই অভিযোগ পোর্টেলে সন্নিবিষ্ট থাকা লিংকের মাধ্যমে দাখিল করা যাবে । প্রতিটি দাবী আপত্তির বিপরীতে সমর্থিত নথিপত্র দাখিল করা যাবে । পোর্টেলের মাধ্যমে দাখিল করা নথিপত্রগুলি পরীক্ষা করে যোগ্য প্রার্থীদের নিযুক্তিপত্র প্রদান করা হবে ।

---------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুনদিল্লীতে দলের মুখ্য কার্যালয়ে বিজেপির সদস্য ভর্তি অভিযান শুরু করেছে ।দলে নতুন সদস্য ভর্তি এবং বর্তমান সদস্যদের পুনর নবীকরণ করার লক্ষ্যে এই অভিযান রূপায়ন করা হচ্ছে ।প্রধানমন্ত্রী দলে তাঁর সদস্যপদ নবীকরণের জন্য জাতীয় সভাপতি জে পি নাড্ডার কাছ থেকে প্রমাণপত্র গ্রহণ করেন ।এই অভিযান বিভিন্ন পর্যায়ে আগামী ১০ নভেম্বর পর্যন্ত চলবে ।আগামী ২৫ শে সেপ্টেম্বর সদস্যভর্তি অভিযানের প্রথম পর্যায় সমাপ্ত হবে । উল্লেখ্য ভারতীয় জনতা পার্টী সমগ্র দেশে কম করেও ১০ কোটি নতুন সদস্য ভর্তির লক্ষ্য নির্ধারণ করেছে

।জনসাধারণ মিসড কল অথবা দলের ওয়েবসাইট ও অন্যান ডিজিটেল মঞ্চের মাধ্যমে নিজেদের নাম পঞ্জীয়ন করতে পারবেন ।
এদিকে রাজ্যের বিভিন্ন প্রান্তে আজ বিজেপি সদস্য ভর্তি অভিযান কার্যসূচী রূপায়ন শুরু করেছে ।

---

হৃদ রোগ ও রক্তজনিত রোগে আক্রান্ত শিশুর রোগ শনাক্তকরণ ও চিকিৎসা শিবির আজ থেকে রাজ্যজুড়ে শুরু হয়েছে । মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার তৎপরতায় জেলায় জেলায় এই ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ।নলবারী চিকিৎসা মহাবিদ্যালয় হাসপাতালে এই শিবির আজ অনুষ্ঠিত হয়েছে ।নলবারীতে আজ হৃদরোগ , থেলাসেমিয়া ও কর্কট রোগ শনাক্তকরণের জন্য প্রায় দেড়শ শিশুর স্বাস্থ্য পরীক্ষা করা হয় ।বাক্সা ও নলবারী জেলার জটিল রোগে আক্রান্ত শিশুদের জন্য এই শিবিরের আয়োজন করে রোগ শনাক্তকরণের পর পর্যায়ক্রমে বিনামূল্যে চিকিৎসার ব্যবস্থা করা হবে । প্রয়োজনসাপেক্ষে বাইরের রাজ্যে ও এই শিশুদের চিকিৎসা করানো হবে বলে জানানো হয়েছে ।

---

মণিপুরের পশ্চিম ইম্ফালে গতকাল কুকি উগ্রপন্থীরা দ্রোন , বোমা এবং অত্যাধুনিক অস্ত্রশস্ত্রসহ কৌট্রুক গ্রামের লোকেদের ওপর আক্রমণ চালায় ।এই ঘটনায় ৩১ বছরের একজন মহিলা সহ দুজন নিহত এবং ৮ বছরের শিশু সহ দুজন পুলিশের জওয়ান আহত হয় ।মণিপুরের গৃহ বিভাগের পক্ষ থেকে জানানো হয়েছে যে কুকি উগ্রপন্থীদের নিরস্ত্র গ্রামবাসীদের উপর আক্রমণ চালানোর ঘটনা রাজ্য সরকারের শান্তি প্রতিষ্ঠার প্রয়াসকে বিঘ্নিত করছে ।

---

প্যারিসে অনুষ্ঠিত প্যারা অলিম্পিকসের আজ পঞ্চম দিন ভারতের প্যারা শাটলার নীতেশ কুমার স্বর্ণ পদক অর্জন করে দেশকে গৌরবান্বিত করেছেন ।এই প্রতিযোগিতায় এটি ভারতের দ্বিতীয় স্বর্ণপদক ।নীতেশ কুমার গ্রেট ব্রিটেনের ডেনিয়েল বিথেলকে ২১-১৪ , ১৮-২১ , ২৩-২১ এ পরাজিত করে পুরুষের সিঙ্গলসে এস এল -৩ বিভাগে স্বর্ণপদক লাভ করেন ।এদিকে ভারতের য়োগেশ কাঠুনিয়া পুরুষের ডিসকাস থ্রো'র এফ-৫৬ শাখায় রূপোর পদক অর্জন করেছেন । এর আগে প্যারা শাটলার থুলসিমথি মুরগেশন মহিলাদের সিঙ্গলসের এস ইউ -৫ ইভেন্টে ফাইনালে প্রবেশ করেছে ।প্রতিযোগিতায় ভারত এপর্যন্ত দুটি সোনা , তিনটি রূপো এবংচারটি ব্রোঞ্জ সহ মোট ৯ টি পদক লাভ করেছে ।রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু প্যারা শাটলার নীতেশ কুমারকে সোনার

পদক এবং য়োগেশ কাঠুনিয়াকে রূপোর পদক অর্জন করার জন্য অভিনন্দন জানিয়েছেন ।সামাজিক মাধ্যমে এক বার্তায় রাষ্ট্রপতি উভয় খেলোয়াড়কে অভিনন্দন জানিয়ে বলেন যে এই সাফাল্য তাদের নিজেদের নিষ্ঠা এবং একাগ্রতাকে প্রতিফলিত করেছে ।উভয় খেলোয়াড় ভবিষ্যতে এধরণের সাফল্যে দেশকে গৌরবান্বিত করবেন বলে তিনি আশা প্রকাশ করেন ।

-----------------------------------------------------------------------------------------

দেশের বিভিন্ন অংশের সংগে আসামে ও মহিলা ও শিশু বিভাগের উদ্যোগে জাতীয় পোষণ মাসের সংগে সংগতি রেখে গতকাল থেকে পোষণ মাস আরম্ভ হয়েছে । শিশু , কিশোর কিশোরী , মাতা তথা গর্ভবতী মহিলার পুষ্টিহীনতা রোধের উদ্দেশ্যে এই মাস পালনের ব্যবস্থা করা হয়েছে । মহিলা ও শিশু বিকাশ বিভাগের মন্ত্রী অজন্তা নেওগ আজ মরিগাও এর তরুণরাম ফুকন খেলারমাঠে রাজ্য পোষণ মাসের কার্যসূচী আনুষ্ঠানিকভাবে উদ্ভোধন করেন ।তিনি অনুষ্ঠানে মাতৃবন্দনা যোজনার মাতাদের চেক বিতরণ করেন ।উল্লেখ্য পোষন মাসের সংগে সংগতি রেখে জেলার বিভিন্ন স্থানে মা ও সন্তানের সুস্বাস্থ্য গড়ে তোলার লক্ষে সচেতনতামূলক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

সমগ্র দেশের সঙ্গে সঙ্গতি রেখে করিমগঞ্জ জেলায়ও আজ থেকে রাষ্ট্রীয় পোষন মাসের সূচনা  হয়েছে । জেলা আয়ুক্ত মৃদুল যাদবের পৌরহিত্যে আয়োজিত সভায় অ্যানিমিয়া , গ্রোথ মনিটরিং , কমপ্লিমেন্টরি ফিডিং, পোষন ভি পড়াই ভি , টেকনোলজি ফর বেটার গর্ভনেন্স ট্রান্সপারেন্সি এবং এক পেড় মা কে নাম অভিযান নিয়ে জেলা সমাজ কল্যান আধিকারীক সৈয়দ আহিদূল ইসলাম বিশদে আলোচনা করেন ।

-----------------------------------------------------------------------------------------

ভারতীয় জীবন বীমা নিগমের এক নম্বর শাখায় আজ বিমা সপ্তাহ পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে শাখা প্রবন্ধক সুদীপ ভট্টাচার্য্য এবং আকাশবাণী শিলচর কেন্দ্রের আঞ্চলিক সংবাদ সেবা বিভাগের সহ-অধিকর্তা শাশ্বতী ভট্টাচার্য্য প্রদীপ প্রজ্বোলন করে বীমা সপ্তাহের সূচনা করেন । বীমা সপ্তাহের উদ্বোধনী অনুষ্ঠানে  শ্রমিক সংগঠনের পক্ষ থেকে অঞ্জন কুমার বর্মন , দিপালী বর্মন , শুভ্রাংশু শেখর দাস , দিলীপ কুমার বৈশ্য প্রমূখ বক্তব্য রাখেন । অনুষ্ঠান পরিচালনায় ছিলেন জীবন বীমা নিগমের বিকাশ আধিকারীক দীপঙ্কর ঘোষ ।

-----------------------------------------------------------------------------------------

উচ্চাকাঙখী জেলা হিসেবে হাইলাকান্দি জেলার সার্বিক  উন্নয়নে পতিত জমিতে মাখনা এবং টিলা জাতীয় জমিতে ড্রাগন ফল চাষ করে আয় বাড়ানোর জন্য পরামর্শ দেন ডোনার মন্ত্রকের যুগ্ম সচিব অংশুমান দে । শ্রী দে আজ হাইলাকান্দির জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে আয়োজিত পর্য্যালোচনা সভায় জেলার উন্নয়নমূলক প্রকল্পগুলির সফল বাস্তবায়ন খতিয়ে দেখে কৃষি বিভাগকে এধরনের উদ্ভাবনীমূলক চাষের উপর গুরুত্ব দিতে পরামর্শ দিয়েছেন । এছাড়া কৃষি পন্য বাজারজাত করনের জন্য ন্যারেস নামে একটি এ্যাপ চালু করা হয়েছে বলে শ্রী দে জানান । জেলায় ৬৮ হাজার কৃষকদের মধ্যে এখনো পর্য্যন্ত ২২ হাজার জমি স্বাস্থ্য কার্ড প্রদান করা হয়েছে এবং অবশিষ্ট কার্ডগুলি দ্রুত প্রদান করার নির্দেশ দিয়েছেন । সভায় জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতম বিভিন্ন প্রকল্পের বাস্তবায়নে রাজ্যের প্রথম দশটি জেলার মধ্যে হাইলাকান্দি জেলা সম্প্রতি স্থান করে নিয়েছে বলে জানান ।

------------------------------------------------------------------------------------------

ধলাই মাতৃভূমি প্রাইজমানি নক আউট ফুটবল প্রতিযোগীতার আজকের প্রথম সেমি-ফাইনালে জামালপুর এফ সি ৩-১ গোলে নতুন বাজার এফ সি দলকে পরাজিত করে ফাইনালে প্রবেশ করেছে । ধলাই বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার দ্বিতীয় সেমি-ফাইনালে আগামী চৌঠা সেপ্টেম্বর নাজিয়া এন্টারপ্রাইজ মুখোমুখি হবে ইসলামাবাদ ইলেভেন ব্রাদার্স দলের বিরুদ্ধে ।

------------------------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলার এরালিগুলের পন্ডিত দীনদয়াল উপাধ্যায় আর্দশ মহাবিদ্যালয়ের সপ্তম প্রতিষ্ঠা দিবস গতকাল বিভিন্ন কার্য্যসূচীর মধ্য দিয়ে পালিত হয়েছে । সকালে প্রদীপ প্রজ্বোলন করে প্রতিষ্ঠা দিবসের সূচনা করেন কলেজ অধ্যক্ষা ডক্টর জয়শ্রী চক্রবর্তী ।
প্রতিষ্ঠা দিবসের অনুষ্ঠানে ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্য অধ্যাপক গঙ্গা প্রসাদ প্রসেইন প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । এছাড়াও পাথারকান্দি , রামকৃষ্ণনগর কলেজের শিক্ষক-শিক্ষিকারা উপস্থিত ছিলেন ।

------------------------------------------------------------------------------------------